

নতুন হজ প্যাকেজ ঘোষণা ৩০ অক্টোবর

- A Monitor Desk Report

Date: 23 October, 2024



ঢাকাঃ আগামী ৩০ অক্টোবর হজ প্যাকেজ ঘোষণা করা হবে। বিমানভাড়া চূড়ান্ত করে ওই দিন হজ ব্যবস্থাপনা সংক্রান্ত নির্বাহী কমিটির সভায় প্যাকেজ চূড়ান্ত করা হবে।

মঙ্গলবার সচিবালয়ে হজযাত্রী পরিবহনে বিমানভাড়া নির্ধারণ সংক্রান্ত সভা শেষে ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা আ ফ ম খালিদ হোসেন সাংবাদিকদের এসব তথ্য জানিয়েছেন।

বিমানভাড়া নির্ধারণ হয়েছে কি না, জানতে চাইলে উপদেষ্টা বলেন, বিমানভাড়া নির্ধারণের ক্ষেত্রে এখনও একটু বিবেচনার বিষয় রয়েছে। তাই, এখনও আমরা চূড়ান্তভাবে বলতে পারব না। বিমানভাড়া কমানোর জন্য আমরা কাজ করছি। আরও কমানোর চেষ্টা করছি।

হজের খরচ কত কমছে, এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে খালিদ হোসেন বলেন, হজ প্যাকেজে কত কমছে, তা এখনই বলা যাচ্ছে না। সৌদি আরবের খরচের হিসাব (খরচের হিসাব) এখনও আমাদের কাছে আসেনি।

অন্য বছরের মতো এবারও বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদি এয়ারলাইন্স ও ফ্লাই নাস হজযাত্রী পরিবহন করবে বলেও জানিয়েছেন ধর্ম উপদেষ্টা।

এবার হজ প্যাকেজ কেমন হচ্ছে, জানতে চাইলে ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের সচিব মু. আ. হামিদ জমাদ্দার বলেন, এবার ভালো প্যাকেজ দেবো। গতবারের চেয়ে খরচ কম হবে, ইনশাআল্লাহ।

২৬ সদস্যের হজ ব্যবস্থাপনা সংক্রান্ত নির্বাহী কমিটির সভাপতি ধর্মবিষয়ক উপদেষ্টা। এ কমিটিতে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার শীর্ষ কর্মকর্তারা সদস্য হিসেবে আছেন। ধর্ম মন্ত্রণালয় থেকে জানা গেছে, আগামী ৩০ অক্টোবর নির্বাহী কমিটির সভা বসবে। হজ প্যাকেজ নির্ধারণের দায়িত্ব এ কমিটির।

আগামী বছরের জুন মাসের প্রথম সপ্তাহে পবিত্র হজ হবে। এবার বাংলাদেশ থেকে ১ লাখ ২৭ হাজার ১৯৮ জন হজ পালন করতে পারবেন। আগামী বছরের ১৩ জানুয়ারি সৌদি সরকারের সঙ্গে হজ চুক্তি হবে।

চলতি বছর সরকারি ব্যবস্থাপনায় হজে যেতে সাধারণ প্যাকেজে ৫ লাখ ৭৮ হাজার ৮৪০ টাকা খরচ ধরা হয়েছিল। বিশেষ হজ প্যাকেজের মাধ্যমে হজ পালনে খরচ হয় ৯ লাখ ৩৬ হাজার ৩২০ টাকা। অন্যদিকে, বেসরকারিভাবে এজেন্সিগুলোর মাধ্যমে সাধারণ প্যাকেজে হজ পালনে সর্বনিম্ন খরচ হয় ৫ লাখ ৮৯ হাজার ৮০০ টাকা। বিশেষ প্যাকেজের মাধ্যমে হজ পালনে খরচ হয়েছিল ৬ লাখ ৯৯ হাজার ৩০০ টাকা।

-B